ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৩১
বিলোনীয়া, ৫ আগস্ট, ২০২৫

**বিলোনীয়ায় স্বাধীনতা দিবস উদযাপনের প্রস্তুতি**

দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ১৫ আগস্ট সকালে বিলোনীয়ার বিদ্যাপীঠ মাঠে পরিবেশিত হবে দেশাত্ববোধক সাংস্কৃতিক অনুষ্ঠান। এদিন সন্ধ্যায় শচীন দেববর্মণ অডিটোরিয়ামেও মনোজ্ঞ দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আজ জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ে এ বিষয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, পুর পরিষদের শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অনুপম চক্রবর্তী, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা প্রমোদ আচার্য, বিভিন্ন বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থার প্রতিনিধিগণ। সভায় সিদ্ধান্ত হয় স্বাধীনতা দিবসের দিন সকালে সাংস্কৃতিক অনুষ্ঠানে পাঁচটি বিদ্যালয় অংশগ্রহণ করবে এবং সান্ধ্য সাংস্কৃতিক অনুষ্ঠানে ১৭টি বিদ্যালয় ও সাংস্কৃতিক সংস্থা অংশগ্রহণ করবে।

******